অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেটব্যাপী পরিষ্কার পানি ব্যবস্থা এবং স্থানীয় খাওয়ার পানির অবকাঠামো প্রকল্পের জন্য 41 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন

নিউ ইয়র্ক সিটির প্রকল্পসমূহের অর্থায়নের জন্য মোট 879 মিলিয়ন মার্কিন ডলার বন্ড বিক্রির প্রস্তাব অনুমোদিত এবং এটি একাধিক প্রকল্প পুনরায় অর্থায়নের দ্বারা হারপ্রদানকারীদের জন্য আনুমানিক 18 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (New York State Environmental Facilities Corporation, EFC) পরিচালকদের বোর্ড (Board of Directors) 41 মিলিয়ন মার্কিন ডলার তহবিলের অনুমোদন দিয়েছে যার মধ্যে রয়েছে স্বল্প-ব্যয়ে ঋণ এবং পূর্বে প্রদত্ত অনুদানসমূহ, যার ফলে প্রাপকেরা তাদের এইসব ঋণ ও অনুদান তহবিল পাবে এবং তাদের পানি ও বর্জ্য অবকাঠামো প্রকল্পকে অগ্রসর করতে পারবে।

এছাড়াও বোর্ড একটি 879 মিলিয়ন মার্কিন ডলারের ব্যবহারকৃত বন্ড অর্থায়নের অনুমোদন দিয়েছে যাতে নিউ ইয়র্ক সিটি মিউনিসিপ্যাল পানি অর্থায়ন কর্তৃপক্ষের (New York City Municipal Water Finance Authority, NYCMWFA) জন্য বিভিন্ন বর্জ্য পানি ও খাওয়ার পানি প্রকল্পকে মূলধন প্রদান করা যায় এবং পূর্বের বিশেষ কিছু বন্ড রিফান্ড করা যায়। বন্ড বিক্রি রিফান্ড করা হলে তা EFC-র মিউনিসিপ্যাল অংশীদারদের জন্য অতিরিক্ত সাশ্রয় করে কারণ তারা তাদের প্রকল্পকে অর্থায়ন করা মূল বন্ডকে আরো কম সুদের হারে পুনরায় অর্থায়ন করতে পারে। এই বিনিময় নিউ ইয়র্ক সিটির হারপ্রদানকারীদের জন্য আগামী 10 বছরে 18 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে বলে অনুমান করা যাচ্ছে।

"নিউ ইয়র্ক স্টেট সম্প্রদায়সমূহকে তাদের পানি ও বর্জ্য ব্যবস্থা উন্নয়নে প্রয়োজনীয় সংস্থান প্রদান করার ক্ষেত্রে আমাদের প্রতিশ্রুতিতে অটল রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "অতি গুরুত্বপূর্ণ এই প্রকল্পসমূহ বাসিন্দাদের স্বাস্থ্য ও নিরাপত্তা, পরিবেশ, এবং জীবনযাত্রার মানকে সুরক্ষিত রাখবে, তাই আমরা স্টেটের প্রতি কোনার বাসিন্দাদের নিরাপদ, পরিষ্কার পানি ও নির্ভরযোগ্য বর্জ্য ব্যবস্থার সুযোগ দিতে সহায়তা করার জন্য একত্রে কাজ করছি।"

এনভায়রনমেন্ট ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন, "আজকের ঘোষণাটি পানি অবকাঠামো বিনিয়োগের সংস্থানের ও ডলারের সর্বোচ্চ ব্যবহার করতে EFC-র সক্রিয় পন্থার উপর আলোকপাত করে। বন্ড রিফান্ড

করা হলে তা নিউ ইয়র্কের স্টেট আবর্তিত তহবিলকে (New York's State Revolving Funds) দেশের সর্বাধিক কার্যকর ও ফলপ্রসূ তহবিলসমূহের মধ্যে একটি বানাতে সাহায্য করে। চুক্তিটি অতিরিক্ত অবকাঠামো প্রকল্পের জন্য মূলধন মুক্ত করবে এবং একইসাথে আমাদের সবথেকে বড় ঋণগ্রহীতাদের একজনকে সুদের হরে ত্রাণ প্রদান করবে। পরিষ্কার পানির প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতি তার নির্বাহী বাজেটে আরেকবার প্রদর্শিত হয়েছে যেখানে তিনি পরিষ্কার পানির অবকাঠামোর জন্য নজিরবিহীন স্টেট তহবিল রেখেছেন। আমাদেরকে নিশ্চিত করতে হবে যে আমরা যাতে স্টেটের প্রাপ্ত ফেডারেল পরিষ্কার পানির স্টেট আবর্তিত তহবিলের (Clean Water State Revolving Funds, CWSRF) উচ্চ মাত্রা ধরে রাখতে পারি। এইজন্য আমাদের মিউনিসিপ্যাল অংশীদারদের জন্য আগামী মাসে শুরু হতে যাওয়া পরিষ্কার ওয়াটারশেড চাহিদা জরিপে (Clean Watersheds Needs Survey, CWNS) অংশগ্রহণ করা অত্যন্ত জরুরি।"

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের (Department of Environmental Conservation, DEC) কমিশনার এবং EFC বোর্ডের প্রধান বেসিল সেগোস বলেন, "গভর্নর হোকল বুঝেন যে মিউনিসিপ্যালিটিগুলি স্থানীয় পানি অবকাঠামোতে প্রয়োজনীয় উন্নয়ন করার সংস্থান পাওয়ার জন্য কী কী সমস্যার সম্মুখীন হয়। নিউ ইয়র্ক স্টেট স্টেটব্যাপী সম্প্রদায়গুলিকে সাহায্য করার জন্য প্রজন্মান্তর বিনিয়োগ করছে যাতে করে প্রাচীন পানির অবকাঠামোর দীর্ঘদিনের প্রয়োজনীয় হালনাগাদকরণ ও উন্নয়নের ব্যবস্থা করা যায়। নিউ ইয়র্কের পরিষ্কার পানি এবং খাওয়ার পানির স্টেট আবর্তিত তহবিল (Drinking Water State Revolving Funds, DWSRF), এবং পানির অবকাঠামো উন্নয়ন আইন (Water Infrastructure Improvement Act, WIIA) প্রদত্ত অনুদানসমূহ মিউনিসিপ্যালিটিগুলিকে জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষাকারী এইসব অতি গুরুত্বপূর্ণ প্রকল্প শেষ করার জন্য প্রয়োজনীয় অর্থায়ন প্রদান করে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন, "স্টেটব্যাপী উৎসের পানির মান এবং খাওয়ার পানি উন্নয়নে নিউ ইয়র্কের আর্থিক প্রতিশ্রুতি আজকের অর্থায়িত বর্জ্য পানি ও খাওয়ার পানির প্রকল্প দ্বারা প্রদর্শিত হলো। প্রয়োজনীয় এইসব হালনাগাদকরণের প্রভাব আগামী অনেক বছর ধরে জনস্বাস্থ্যের ক্ষেত্রে দেখা যাবে, এবং আমি উপযুক্ত সম্প্রদায়গুলিকে এই সহায়তার সুযোগ নেওয়ার জন্য তাগিদ দিচ্ছি।"

বোর্ডের অনুমোদনের মধ্যে রয়েছে পরিষ্কার পানির স্টেট আবর্তিত তহবিল এবং খাওয়ার পানির স্টেট আবর্তিত তহবিল এবং পানি অবকাঠামো উন্নয়ন আইন অনুসারে অনুদানসমূহ। পানি অবকাঠামো অর্থায়ন সুযোগের ব্যাপারে আরো জানতে EFC-র ওয়েবসাইট ভিজিট করুন।

মার্চে শুরু হতে যাওয়া এনভায়রনমেন্টাল সুরক্ষা এজেন্সির (Environmental Protection Agency, EPA) পরিষ্কার ওয়াটারশেড চাহিদা জরিপে মিউনিসিপ্যাল অংশগ্রহণ অতি জরুরি কারণ নিউ ওয়ার্ক স্টেটে ভবিষ্যৎ পরিষ্কার পানির অবকাঠামো প্রকল্পসমূহে কত ফেডারেল CWSRF তহবিল পাওয়া যাবে তা এটি দ্বারা প্রভাবিত হবে। মিউনিসিপ্যালিটিগুলিকে তাদের সম্প্রদায়ের বর্জ্য পানি অবকাঠামো চাহিদার নথি EPA-তে জমাদানের জন্য EFC-র কাছে জমা দিতে বলা হবে।

অনুমোদিত পরিষ্কার পানির প্রকল্পসমূহ:

- অনোন্ডাগা কাউন্টিতে ইস্ট সিরাকিউজ গ্রাম - 87,156 মার্কিন ডলার WIIA অনুদান এবং 1,009,052 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি, সুদমুক্ত অর্থায়ন, একটি ইনফিলট্রেশন/ইনফ্লো সংশোধন এবং স্যানিটারি বর্জ্য উপচে পড়া প্রশমন প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের জন্য।
- ক্যাটারাগাস কাউন্টির ফ্র্যাঙ্কলিনভিল গ্রাম - 5,050,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদী, সুদমুক্ত অর্থায়ন, বর্জ্য পানির ট্রিটমেন্ট ফ্যাসিলিটি এবং সংগ্রহ ব্যবস্থা উন্নয়নের জন্য।
- নিউ ইয়র্ক সিটি মিউনিসিপ্যাল পানি অর্থায়ন কর্তৃপক্ষ - 284,783,326 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি ব্যবহারকৃত অর্থায়ন, একাধিক মিশ্রয় বর্জ্য উপচে পড়া, বর্জ্য পানি সংগ্রহ ব্যবস্থা এবং ট্রিটমেন্ট প্ল্যান্ট উন্নয়ন প্রকল্প নকশা ও নির্মাণের জন্য।
- সাফোক কাউন্টি - 4,644,642 মার্কিন ডলার WIIA অনুদান এবং 3,400,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদী, বাজারমূল্যের অর্থায়ন, যেসকল বর্জ্য পার্সেল বর্তমানে কার্লস রিভার ও ফোর্জ রিভার ওয়াটারশেডের অনসাইট ব্যবস্থা ব্যবহার করছে সেগুলির জন্য সাফোক কাউন্টি উপকূলীয় স্থিতিশীলতা উদ্যোগ (Suffolk County Coastal Resiliency Initiative) পরিকল্পনা, নকশা ও নির্মাণ ব্যবস্থাপনার জন্য।
- রেনসেলার কাউন্টির ট্রয় সিটি - 1,825,000 মার্কিন ডলার CWSRF অনুদান এবং 6,179,184 মার্কিন ডলার স্বল্পমেয়াদী সুদমুক্ত অর্থায়ন, শহরে সম্মিলিত বর্জ্য উপচে পড়া উপশম প্রকল্পের নকশা ও নির্মাণের জন্য, এবং অ্যালবানি পুল সম্মিলিত বর্জ্য উপচে পড়ার দীর্ঘমেয়াদি নিয়ন্ত্রণ পরিকল্পনার (Albany Pool Combined Sewer Overflow Long Term Control Plan) সমর্থনে।
- ইরি কাউন্টির উইলিয়ামসভিল গ্রাম - 1,612,500 মার্কিন ডলার WIIA অনুদান, বর্জ্য সংগ্রহ ব্যবস্থার উন্নয়নের জন্য।
- ক্যাটারাগাস কাউন্টির ইয়র্কশায়ার টাউন - 1,285,000 মার্কিন ডলার WIIA অনুদান, 963,750 মার্কিন ডলার স্বল্পমেয়াদী, সুদমুক্ত অর্থায়ন, এবং 2,891,250 মার্কিন ডলার স্বল্পমেয়াদী, বাজার মূল্যে অর্থায়ন, ইয়র্কশায়ার কর্নার্স সিউয়ার জেলা পরিকল্পনা (Yorkshire Corners Sewer District), নকশা ও নির্মাণের জন্য।

অনুমোদিত খাওয়ার পানির প্রকল্পসমূহ:

- জেনেসি কাউন্টির কায়রো টাউন - 1,607,457 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি, সুদমুক্ত অর্থায়ন, অতিরিক্ত ভূগর্ভস্থ পানির উৎসের ধারণক্ষমতা বিকাশের জন্য; পার্ক ওয়েল সাইট এবং বিদ্যমান সম্পূর্ণ পানি জমা রাখার ট্যাঙ্ক উন্নয়নের জন্য, বিতরণ ব্যবস্থা উন্নয়ন এবং নতুন পানির মিটার এবং মিটার পড়ার সরঞ্জাম স্থাপনের জন্য।
- অরেঞ্জ কাউন্টির ক্রফোর্ড টাউন - 2,311,680 মার্কিন ডলার WIIA অনুদান, 711,329 মার্কিন ডলার স্বল্পমেয়াদী, সুদমুক্ত অর্থায়ন, এবং 1,422,658 মার্কিন ডলার স্বল্পমেয়াদী, বাজার মূল্যে অর্থায়ন, দুইটি উৎপাদন কুয়া এবং একটি পানি ট্রিটমেন্ট ভবন নির্মাণের জন্য, এবং আনুমানিক 6,100 সরল ফুট পানির মেইন স্থাপনের জন্য যাতে ট্রিটমেন্ট ফ্যাসিলিটি ও বিতরণ ব্যবস্থাকে সংযুক্ত করা যায়।
- নিউ ইয়র্ক সিটি মিউনিসিপ্যাল পানি অর্থায়ন কর্তৃপক্ষ - 150,000,000 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি ব্যবহারকৃত অর্থায়ন, ক্রটন ওয়াটার ফিলট্রেশন প্ল্যান্ট (Croton Water Filtration Plant) এবং সংশ্লিষ্ট ফ্যাসিলিটিসমূহ নকশা ও নির্মাণের জন্য।

- রকল্যান্ড কাউন্টির নিয়াক গ্রাম - 3,000,000 মার্কিন ডলার WIIA অনুদান, আনুমানিক 13,000 সরল ফুট পানির মেইন প্রতিস্থাপন করার জন্য।
- নাসাউ কাউন্টির ওয়েস্টার বে পানি জেলা - 286,000 মার্কিন ডলার ইন্টারমিউনিসিপ্যাল অনুদান (Intermunicipal Grant, IMG), ওয়েস্টার বে পানি জেলা (Oyster Bay Water District) এবং লোকাস্ট ভ্যালি পানি জেলার (Locust Valley Water District) মধ্যে জরুরি অন্তর্বর্তী সংযোগ স্থাপনের জন্য।
- ওয়েস্টচেস্টার কাউন্টির ওয়েস্টচেস্টার জয়েন্ট ওয়াটারওয়ার্কস (Westchester Joint Water Works) - 3,200,000 মার্কিন ডলার IMG, রাই লেক পাম্প স্টেশনে (Rye Lake Pump Station) একটি নতুন আলট্রাভায়োলেট আলোর জীবাণুমুক্তকরণ ফ্যাসিলিটি নির্মাণের জন্য।

গভর্নর হোকলের 2023 অর্থবছরের নির্বাহী বাজেট পরিষ্কার পানি উদ্যোগে সরাসরি অর্ধ বিলিয়ন মার্কিন দলের বেশি বিনিয়োগের প্রস্তাব করে, যার মধ্যে রয়েছে:

- 500 মিলিয়ন মার্কিন ডলার পরিষ্কার পানি অবকাঠামোর তহবিল, যার ফলে 2017 সাল থেকে স্টেটের মোট পরিষ্কার পানিতে বিনিয়োগ হবে 4.5 বিলিয়ন মার্কিন ডলার।
- 400 মিলিয়ন মার্কিন ডলার - এনভায়রনমেন্টাল সুরক্ষা তহবিলে (Environmental Protection Fund, EPF) রেকর্ড পরিমাণ তহবিল প্রদান, যাতে করে জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমন, কৃষি সংস্থান উন্নয়ন, পানির উৎস সুরক্ষিত রাখা, সংরক্ষণ প্রচেষ্টা অগ্রসর করা এবং বিনোদনমূলক সুযোগ প্রদানকারী অতি গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহকে সমর্থন করা যায়।
- 4 বিলিয়ন মার্কিন ডলার, ল্যান্ডমার্ক পরিষ্কার পানি, পরিষ্কার বাতাস, এবং সবুজ কর্মসংস্থান এনভায়রমনেটাল বন্ড আইনের (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) জন্য। যদি এই বসন্তে ভোটার কর্তৃক অনুমোদিত হয়, তাহলে ঐতিহাসিক এই উদ্যোগ নিউ ইয়র্ক স্টেটকে সেই সমর্থন প্রদান করবে যা অতি গুরুত্বপূর্ণ পরিবেশগত আবাসস্থল পুনঃস্থাপন; বন্যা ঝুঁকি হ্রাস; অতিরিক্ত ভূমি ও খোলা স্থান সংরক্ষণ করা এবং আমাদের পানির সংস্থান উন্নত করা; এবং দূষণ হ্রাসকারী ও কার্বন নিঃসরণ কমাবে এমন জলবায়ু পরিবর্তন প্রশমন প্রকল্পে বিনিয়োগ করার জন্য স্টেটের প্রয়োজন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন